



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৭২৬৫/৬১৯

তারিখ : ০৭-১২-২০২২ খ্রি.

বিষয় : চলমান ম্যানেজিং কমিটি বাতিল প্রসঙ্গে।

সূত্র :


- ১) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর ০২-১১-২০২২ খ্রি. তারিখের ০৫.৪৪.৪৪১৯.০০০.৯৯.০১২.২১-৭৩৪ নং স্মারক পত্র।
- ২) জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ এর ১০-১০-২০২২ খ্রি. তারিখের ৩৭.০২.৪৪০০.০০১.০১.০৪৭.১৮-৬৮৭ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন লাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটির ০৪ (চার) জন অভিভাবক সদস্য এবং ০৩ (তিন) শিক্ষক প্রতিনিধি পদত্যাগ করায় অবশিষ্ট মেয়াদের জন্য ১৮-১০-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৭২৬৫/৫৬২ নং স্মারক পত্রে উক্ত ০৭ (সাত) জন সদস্য কো-অপ্ট করে দাখিল করার জন্য বলা হয়। ২০১৮ সালের ভোটার তালিকা থেকে উক্ত ০৭ জন সদস্য কো-অপ্ট করা সম্ভব নয় মর্মে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এবং সুরাট ইউনিয়ন চেয়ারম্যান জনাব মোঃ আশরাফ হোসেন বিদ্যালয় পরিদর্শককে অবগত করেন। যেহেতু নির্বাচন হয়নি সেহেতু পরবর্তী স্থান অর্জনকারীকে কো-অপ্ট করার সুযোগ নাই। এবং যে ভোটার তালিকায় ২০১৮ সালে সদস্য নির্বাচিত হয় সে ভোটার তালিকার কোন শিক্ষার্থীর অভিভাবকের অভিভাবকত্ব এখন আর নাই। কিন্তু শিক্ষক প্রতিনিধির বিষয়ে কোন কিছু উল্লেখ করেননি। এমতাবস্থায়, শিক্ষক প্রতিনিধি থাকা সত্ত্বেও কেন কো-অপ্ট করে দাখিল করেননি তার জবাব চেয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে ২৭-১০-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৭২৬৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১২৬৯৯ নং স্মারকে পত্র দেয়া হয়। সংশ্লিষ্ট বিদ্যালয়ের সকল শিক্ষক চলমান ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য কো-অপ্ট হতে ইচ্ছুক নয় মর্মে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিদ্যালয় পরিদর্শককে অবগত করেন। এমতাবস্থায়, ০৪ জন অভিভাবক সদস্য ও ০৩ জন শিক্ষক প্রতিনিধি পদত্যাগ করায় এবং সকল শিক্ষক অবশিষ্ট মেয়াদের জন্য ম্যানেজিং কমিটিতে কো-অপ্ট হতে অস্বীকৃতি জ্ঞাপন করায় প্রবিধান-২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী ম্যানেজিং কমিটির অব্যবস্থাপনার জন্য কেন চলমান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হবে না বা বাতিল করা হবে না তার জবাব দাখিল করার জন্য ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সভাপতিকে পত্র দেয়া হয়। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সভাপতি জবাব দাখিল করেছেন। ইতোমধ্যে, সাবেক প্রধান শিক্ষক ও সভাপতি জনাব এনামুল হকের বিরুদ্ধে তিনটি কড়ই গাছ, একটি মেহেগনী গাছ ও একটি বকুল ফুলের গাছ নিলামে নিজের নামে ক্রয় করে লক্ষাধিক টাকা আত্মসাত করার অভিযোগের বিরুদ্ধে তদন্তপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, "বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক জনাব মোঃ রুহুল আমীন ও পরিচালনা কমিটির সভাপতি জনাব এনামুল হকের বিরুদ্ধে প্রতারণার মাধ্যমে বিদ্যালয়ের গাছ আত্মসাতের চেষ্টার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত ব্যক্তিদ্বয়ের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো।" এমতাবস্থায়, ০৭ (সাত) জন সদস্য পদত্যাগের বিষয়ে সভাপতির জবাব সন্তোষজনক না হওয়ায় এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের জবাব ও তদন্ত প্রতিবেদনের আলোকে প্রবিধান-২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী চলমান ম্যানেজিং কমিটি বাতিল করা হলো।

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

লাউদিয়া মাধ্যমিক বিদ্যালয় (১১৬৫০১)


রতনহাট, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

  
(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর

ফোন : ০২৪৭৭৬২৭০৫

  
০৭/১২/২০২২

তারিখ : ০৭-১২-২০২২ খ্রি.

স্মারক নং- বিঅ-৬/৭২৬৫/৬১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, খুলনা।
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি, লাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়, রতনহাট, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৮। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর